খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা
রেজিস্ট্রারের কার্যালয়
(একাডেমিক শাখা- ২)

স্মারক নং- ৩৭.০১.৪৭০১.০০০.১০৪.৯৯.০০০২.০২–৯৮-৯ তারিখ: ২৬/১০/২০২৬ খ্রি.

বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (মাউশি) ২০১৯-২০২০ অর্থ বছর হতে রাজস্ব খাতভূক্ত বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের বরাদ্দকৃত অর্থ জি টু পি পদ্ধতিতে তাদের নিজস্ব ব্যাংক হিসাব নম্বরে সরাসরি প্রেরণের বিধান চালু করেছে। তারই আলোকে খুলনা বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত বিভিন্ন শিক্ষাবোর্ড ও বাংলাদেশ মাদরাসা শিক্ষাবোর্ড হতে এইচএসসি ও আলিম পরীক্ষায় ২০২৫ সালে পাস করেছে এবং বোর্ড বৃত্তির জন্য গেজেটভূক্ত হয়েছে, তাদের নিকট থেকে আগামী ১৯/১১/২০২৬ খ্রি. তারিখের মধ্যে মাউশি'র নিজস্ব ওয়েবসাইটে তথ্য আপলোড চেয়ে বিজ্ঞপ্তি প্রকাশ করেছে (সংযুক্ত)। এ ব্যাপারে উক্ত শিক্ষার্থীদের নিকট থেকে প্রাপ্য তথ্য সংশ্লিষ্ট ওয়েবসাইটে নির্ধারিত সময়ের মধ্যে আপলোড করার সুবিধার্থে আগামী ০৫/১১/২০২৬ খ্রি. তারিখের মধ্যে অত্রসাথ সংযুক্ত আবেদনপত্র ও তথ্যফরম রেজিস্ট্রারের কার্যালয়ের একাডেমিক শাখায় জমা দেওয়ার জন্য বলা হলো। উল্লেখ্য, যে সকল শিক্ষার্থী ইতপূর্বে শিক্ষাবোর্ড বৃত্তির জন্য আবেদন করেছে তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নাই তবে যারা আবেদন করেছে কিন্তু বৃত্তির টাকা পাননি তাদেরকে অনতিবিলম্বে রেজিস্ট্রার কার্যালয়ের **একাডেমিক শাখা-২ (রুম নং-১৩৮ ও ১৪৪)** এ যোগাযোগ করার জন্য বলা হলো

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ বিজ্ঞপ্তি জারি করা হলো।

সংযুক্তি : বর্ণনা মোতাবেক

২৬/১০/২৬
(প্রফেসর ড. এস এম মাহবুবুর রহমান)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

স্মারক নং- ৩৭.০১.৪৭০১.০০০.১০৪.৯৯.০০০২.০২–৯৮-৯ তারিখ: ২৬/১০/২০২৬ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো ঃ

১। ডিন, সকল স্কুল, খুবি
২। প্রধান, সকল ডিসিপ্লিন, খুবি
৩। ছাত্র বিষয়ক পরিচালক, খুবি
৪। প্রভোস্ট, সকল হল,খুবি
৫। পরিচালক, আইসিটি সেল, (খুলনা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ) খুবি
৬। উপাচার্য মহোদয়ের সচিব (উপাচার্য মহোদয়কে সদয় অবহিত করার অনুরোধসহ), খুবি
৭। উপ-উপাচার্য মহোদয়ের সচিব (উপ-উপাচার্য মহোদয়কে সদয় অবহিত করার অনুরোধসহ), খুবি
৮। সংশ্লিষ্ট নথি
৯। গার্ড ফাইল

২৬/১০/২০২৬
(কাকলি রহমান)
উপ-রেজিস্ট্রার ও শাখা প্রধান
(একাডেমিক ২)